# **A**nnual **R**eport (2022-23)

## 6th Annual General Meeting, Kolkata

## Activism Foundation for Social Research & Action

২৪ শে সেপ্টেম্বর ২০২৩ অ্যাক্টিভিজম ফাউন্ডেশন ফর সোশ্যাল রিসার্চ অ্যাণ্ড অ্যাকশানের ষষ্ঠ বার্ষিক সাধারণ সভা, অনুষ্ঠিত হলেও সমাজবিজ্ঞান চর্চার এক বিকল্প প্রতিষ্ঠান ও আন্দোলন হিসেবে ইতিমধ্যেই অ্যাক্টিভিজম তার চলার পথে নবম বর্ষে পদার্পন করেছে। সমাজবিজ্ঞানের চর্চা, গবেষণা ও প্রয়োগকে প্রাত্যহিক জীবনের নানাবিধ সক্রিয়তার পরিসরে সঞ্জাত কর্ম-প্রক্রিয়াগত সমস্যা মোকাবিলার উপযুক্ত করে গড়ে তোলা এবং প্রাণবন্ত (vibrant) প্রাত্যহিক জীবনের প্রয়োজনে মানবীয় ক্রিয়াশীলতার যথাযথ বিকাশ ঘটানো এবং সেই উদ্দেশ্যে প্রাত্যহিকতাকে ভ্রান্ত সাধারণ বোধ প্রসূত অযৌক্তিক রীতিনীতি, বিশ্বাস, দৃষ্টিভঙ্গি ও ভাবাবেগ মুক্ত করে দৈনন্দিন জীবনের ব্যক্তিগত ও গণ পরিসরকে উপযুক্ত জ্ঞানভিত্তিক অনুশীলনের আধারে গড়ে তোলার আন্দোলনই Activism, এবং এই আন্দোলন গড়ে তোলার উদ্যোগী ও দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠানটি হল অ্যাক্টিভিজম ফাউন্ডেশন ফর সোশ্যাল রিসার্চ অ্যাণ্ড অ্যাকশান।

### Foundation Day Celebration 2023

১৯ শে মার্চ ২০২৩ কলকাতার মহাজাতি সদনে এবছরের অ্যাক্টিভিজমের অষ্টম প্রতিষ্ঠা-দিবসের অনুষ্ঠানটি খুব সফলভাবে উদযাপিত হয়েছে। এবছরের অনুষ্ঠানে বিভিন্ন শিক্ষা-প্রতিষ্ঠানের অধ্যাপক, গবেষক ও ছাত্রছাত্রীসহ বিভিন্ন স্তরের সাধারণ মানুষের উপস্থিতি ছিল খুবই লক্ষণীয়। এদিনের সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন অ্যাক্টিভিজমের বরিষ্ঠ সদস্য ও মাননীয় ফিনান্স অফিসার তিয়াস রায়। এবছর বিশেষ বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট অধ্যাপক শিবাশিস চ্যাটার্জি মহাশয় এবং তার বক্তব্যের বিষয় ছিল 'সমসাময়িক সময়ে আত্মপরিচিতি, সক্রিয়তা ও রাজনীতিঃ কিছু প্রতিফলন'। উক্ত বক্তব্যের summing up commentary করেন অ্যাক্টিভিজম ফাউন্ডেশনের উপদেষ্টা-মণ্ডলীর মাননীয় সদস্য, বিশিষ্ট অধ্যাপক গৌতম কুমার বসু মহাশয়। পরিশেষে অ্যাক্টিভিজম ফাউন্ডেশনের মাননীয় চেয়ারম্যান ডঃ সৌরীশ ঝা মহাশয় সমাজবিজ্ঞানের ব্যবহারিকতার নানাবিধ পন্থা অন্বেষণের লক্ষ্যে অ্যাক্টিভিজম কি কর্মসূচি গ্রহণ করেছে ও আগামীতে কি পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে সে বিষয়ে তার সুচিন্তিত বক্তব্য পেশ করেন। এ প্রসঙ্গে একটি বিষয় খুবই উল্লেখযোগ্য যে





অ্যাক্টিভিজম ফাউন্ডেশন এর পক্ষে অছি পরিষদ কর্তৃক প্রকাশিত ও মুদ্রিত। ২৪শে সেপ্টেম্বর, ২০২৩

এবছর প্রথম অ্যাক্টিভিজমের প্রতিষ্ঠা-বার্ষিকী অনুষ্ঠানের খবর ‘দুরন্ত বার্তা’ নামক একটি দৈনিক সংবাদপত্রে ছাপা হয়েছে।

**Units and Activities**

অ্যাক্টিভিজমের দুটি ইউনিট, অ্যাক্টিভিজম সোশ্যাল সায়েন্স ক্লাব ও  অ্যাক্টিভিজম স্কলারস ফোরাম পরস্পরের পরিপূরক হিসেবে বিগত বছরগুলিতে একাধিক কর্মসূচি গ্রহণ ও তার সফল রূপায়ণ করেছে এবং এখনও করে চলেছে। প্রসঙ্গত উল্লেখ্য যে অ্যাক্টিভিজমের জন্ম-লগ্ন থেকেই অ্যাক্টিভিজম সোশ্যাল সায়েন্স ক্লাব নানাবিধ ব্যক্তিগত সমস্যাবলী নিয়ে গবেষণা ও অন্যান্য কর্মসূচি গ্রহণ করলেও প্রচলিত অ্যাকাডেমিক চর্চা ও প্রাত্যহিক জীবনের সক্রিয়তার সমস্যাকে সামনে রেখে অ্যাক্টিভিজমের গবেষণার মেলবন্ধনের এক পরিসর হিসেবে ২০২১ সালে আত্মপ্রকাশ করে  অ্যাক্টিভিজম স্কলারস ফোরাম।






**Individual Case Studies**

সমাজবিজ্ঞানের দৃষ্টিভঙ্গি ও পদ্ধতির সাহায্যে ইন্ডিভিজুয়াল কেস স্টাডিস এবং কেসের সঙ্গে ‘***Conversation*** ’ অ্যাক্টিভিজম সোশ্যাল সায়েন্স ক্লাবের একটি গুরুত্বপূর্ণ উদ্যোগ। বিগত বছরগুলিতে এই প্রক্রিয়ায় একাধিক কেসের সক্রিয় অংশগ্রহণ ও অ্যাক্টিভিজমের গবেষণায় নির্ণীত বিষয়গুলির প্রতি তাদের সদর্থক সম্মতি জ্ঞাপন ও মান্যতা প্রদান এই বিশেষ উদ্যোগকে এক অন্য মাত্রা প্রদান করেছে।



২০২২-২৩-এ অ্যাক্টিভিজম সোশ্যাল সায়েন্স ক্লাবের উদ্যোগে গৃহীত যে ইন্ডিভিজুয়াল কেসস্টাডি গুলির কাজ চলছিল, তার মধ্যে কেস 20/A-এর ‘অভিভাবকত্বের ঘাটতি’-র কেসটির ‘***Conversation’*** প্রক্রিয়াটি ইতিমধ্যেই সমাপ্ত হয়েছে। দ্বিতীয়ত ‘স্বামী-স্ত্রীর পারস্পরিক সম্পর্ক ও  বিষণ্নতার সমস্যা’ সম্পর্কিত কেস 21/A-এর তথ্য বিশ্লেষণের প্রক্রিয়াটি প্রায় সমাপ্তির পথে। তৃতীয়ত ‘পড়াশুনা ও ভাব প্রকাশের সমস্যা’ সম্পর্কিত কেস 23/A-এর তথ্য সংগ্রহের প্রক্রিয়াটি এখনও চলছে।  আগামী বছরের মধ্যে এই কেস  স্টাডি দুটি  সমাপ্ত করার লক্ষ্যে অ্যাক্টিভিজম সোশ্যাল সায়েন্স ক্লাবের পক্ষ থেকে বিশেষ উদ্যোগ গ্রহণ করা হয়েছে।







অ্যাক্টিভিজম ফাউন্ডেশন এর পক্ষে অছি পরিষদ কর্তৃক প্রকাশিত ও মুদ্রিত। ২৪শে সেপ্টেম্বর, ২০২৩

**Research on Domestic Violence & Intolerance**

অ্যাক্টিভিজম স্কলারস ফোরামের উদ্যোগে মানিকতলা বস্তি অঞ্চলে ‘Domestic Violence and Intolerance’ শীর্ষক যে গবেষণা প্রকল্পটি গ্রহণ করা হয়েছিল তা অ্যাক্টিভিজম স্কলারস ফোরাম ও অ্যাক্টিভিজম সোশ্যাল সায়েন্স ক্লাবের কার্যনির্বাহী সদস্য ও বেশ কিছু উদ্যমী লাইফ মেম্বারের সার্বিক সহযোগিতায় তার সার্ভের কাজটি সুসম্পন্ন হয়েছে এবং বর্তমানে ডেটা অ্যানালিসিসের কাজ শুরু হয়েছে। এ প্রসঙ্গে উল্লেখ্য যে উক্ত সার্ভের কাজে নিযুক্ত থাকাকালীন অ্যাক্টিভিজম সম্মুখীন হয়েছে বিভিন্ন পরিস্থিতির। তার একদিকে রয়েছে বিভিন্ন বর্ণময় অভিজ্ঞতা তেমনি অন্যদিকে রয়েছে অ্যাক্টিভিজমের একাধিক লাইফ মেম্বারের সক্রিয় অংশগ্রহণ - যা প্রকৃত অর্থেই অ্যাক্টিভিজমের কাছে আনন্দের ও সামগ্রিকভাবে এই আন্দোলনকে এগিয়ে নিয়ে যাওয়ার অর্থে খুবই আশাব্যঞ্জক। ডেটা কালেকশান পর্বে আভ্যন্তরীণ একটি সভায় অ্যাক্টিভিজমের উপদেষ্টা-মণ্ডলীর দুই মাননীয় সদস্য, বিশিষ্ট অধ্যাপক অজিত কুমার রায় মহাশয় ও অধ্যাপক গৌতম কুমার বসু মহাশয়ের প্রত্যক্ষ উপস্থিতি ও তাঁদের সুচিন্তিত পরামর্শও এই প্রক্রিয়াকে সমৃদ্ধ করেছে।

**Lectures & Debate**

গত বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সদস্যদের উপস্থিতি ও সমর্থনে যে প্রস্তাব গ্রহণ করা হয়েছিল, অ্যাক্টিভিজম সোশ্যাল সায়েন্স ক্লাবের পক্ষ থেকে বিতর্ক প্রতিযোগিতার উদ্যোগ গ্রহণ করা হবে, এবছর ৭ই জানুয়ারী বিদ্যাসাগর কলেজ ফর উইমেন্স-এর ছাত্রীদের নিয়ে একটি অত্যন্ত প্রাসঙ্গিক ও বিতর্কিত বিষয়, “পুরুষদের তুলনায় নারীরা ভালো প্রশাসক” শীর্ষক বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করা হয়েছিল এবং তা উক্ত কলেজের ছাত্রী ও অধ্যাপিকাদের সহযোগিতায় খুব সফলভাবে সম্পন্ন হয়েছে। এই প্রতিযোগিতার অ্যাক্টিভিজমের পক্ষ থেকে বিচারকের ভূমিকায় ছিলেন অ্যাক্টিভিজম ফাউন্ডেশনের মাননীয় ফিন্যান্স অফিসার তিয়াস রায় ও অ্যাক্টিভিজম স্কলারস ফোরামের মাননীয় সেক্রেটারি ডঃ সুমনা গোস্বামী। আর কলেজের পক্ষ থেকে বিচারকের ভূমিকায় ছিলেন মাননীয় অধ্যাপিকা কেকা দাস ও অধ্যাপিকা মৌমিতা দাস।



উক্ত বছরেই অ্যাক্টিভিজম স্কলারস ফোরামের উদ্যোগে ২২ শে জানুয়ারী কলকাতার ইউনিভার্সিটি ইন্সটিটিউট হলে আয়োজিত হয়েছিল ‘Philosophy of Social Science” Lecture Series- এর প্রথম আলোচনা




অ্যাক্টিভিজম ফাউন্ডেশন এর পক্ষে অছি পরিষদ কর্তৃক প্রকাশিত ও মুদ্রিত। ২৪শে সেপ্টেম্বর, ২০২৩

‘সমাজবিজ্ঞানের দর্শনঃ যেন সক্রিয়তা গুরুত্বপূর্ণ’। যেখানে বক্তা হিসেবে ছিলেন অ্যাক্টিভিজম স্কলারস ফোরামের মাননীয় প্রেসিডেন্ট ও রাষ্ট্রবিজ্ঞানের বিশিষ্ট অধ্যাপক দীপঙ্কর সিনহা মহাশয় এবং উক্ত সভার প্রশ্নোত্তর পর্বটি পরিচালনা করেন অ্যাক্টিভিজম স্কলারস ফোরামের মাননীয় ভাইস প্রেসিডেন্ট রাষ্ট্রবিজ্ঞানের বিশিষ্ট অধ্যাপক প্রাণতোষ সেন মহাশয়।

এবছর ১২ই জুলাই বিদ্যাসাগর কলেজ ফর উইমেন্স-এর IQAC ও Department of Political Science এবং Activism Scholars’ Forum-এর যৌথ উদ্যোগে “Criticality Endowment Lecture, 2023 in International Relations” on Grand Paradigms in IR: the evolution of liberalism, realism & constructivism. যেখানে বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজবিজ্ঞানী অস্ট্রেলিয়ার মারডক বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক রজত গাঙ্গুলি মহাশয় এবং কমেন্টেটর হিসেবে উপস্থিত ছিলেন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক পার্থ প্রতিম বসু মহাশয়।এই অনুষ্ঠানে ASF- এর পক্ষ থেকে পরিচালনা করেন মাননীয় অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি সুচেতনা পাল এবং সুচিন্তিত বক্তব্য রাখেন মাননীয় সেক্রেটারি ডঃ সুমনা গোস্বামী এবং অ্যাক্টিভিজম ফাউন্ডেশনের পক্ষে বক্তব্য রাখেন চেয়ারম্যান ডঃ সৌরীশ ঝা মহাশয়।

**Magazine & Journal**





এছাড়াও বিগত বছরে অ্যাক্টিভিজমের সদস্যদের নিরলস প্রচেষ্টায় প্রকাশিত হয়েছে ই-ম্যাগাজিন ‘এক্কা-দোক্কা’-র তৃতীয় সংখ্যা মার্চ, ২০২৩ এবং চতুর্থ সংখ্যা সেপ্টেম্বর, ২০২৩-এ প্রকাশিত হয়েছে। অ্যাক্টিভিজমের ই-ম্যাগাজিনের ক্ষেত্রে স্কুল পড়ুয়া কিশোর কিশোরীদের মধ্যে থেকে যে সাড়া পাওয়া গেছে তা সত্যিই প্রশংসনীয় ও আক্ষরিক অর্থেই তা আগামীর উজ্জ্বল সম্ভাবনা। এছাড়াও ই- জার্নাল Criticality-র প্রথম সংখ্যা মার্চ ও দ্বিতীয় সংখ্যা সেপ্টেম্বর প্রকাশিত হয়েছে। ই- জার্নালের ক্ষেত্রেও বহু বিশিষ্ট ব্যক্তির গুরুত্বপূর্ণ রচনায় সমৃদ্ধ হয়েছে- যা প্রকৃত অর্থেই মূল্যবান সঞ্চয় ও আগামীর পাথেয়।

**Social Media & Out-reach Program**

সমাজবিজ্ঞানের জ্ঞানকে ভিত্তি করে অ্যাক্টিভিজমের কাজের বার্তা ও চিন্তাকে সহজভাবে জনগণের কাছে পৌঁছে দেওয়ার জন্য সামাজিক মাধ্যমকে যথাযথভাবে ব্যবহারের উদ্দেশ্যে অ্যাক্টিভিজমের পক্ষ থেকে Out-Reach Program-এর যে উদ্যোগ নেওয়া হয়েছিল, সেখানে বিভিন্ন রাইট-আপ, ভিডিও আপলোড করা হয়েছে সেখানে বেশ কিছু লাইফ মেম্বারের সক্রিয় অংশগ্রহণ প্রশংসার দাবী রাখে। তাদের বেশ কিছু

সমসাময়িক প্রাসঙ্গিক লেখা ফেসবুকে পোস্ট করা হয়েছে। YouTube-এও বেশ কিছু স্বল্প দৈর্ঘ্যের বিশেষ বার্তাবাহী ভিডিও আপলোড করা হয়েছে, যা ইতি মধ্যেই বেশ কিছু সাধারণ মানুষের দৃষ্টিগোচর হয়েছে। পঞ্চম বার্ষিক সাধারণ সভার পর থেকে বিগত এক বছরে প্রায় দশটি লেখা আপলোড করা হয়েছে। Out-Reach Program, 'Common Sense and Everyday Misconceptions' শিরোনামের সিরিজের পূর্ববর্তী ক্রমের ধারা বজায় রেখে গত ১০ই অক্টোবর ২০২২ ষষ্ঠ লেখা আপলোড করা হয় অ্যাক্টিভিজম সোশ্যাল সায়েন্স ক্লাবের অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি শ্রমণা চট্টোপাধ্যায়ের লেখা 'বৈধব্য কি আজও এক বঞ্চনা?' অ্যাক্টিভিজমের লাইফ মেম্বার রিয়া হালদারের লেখা 'কুসংস্কারের ঘেরাটোপে' শীর্ষক একটি লেখা গত ১৫ই ডিসেম্বর ২০২২ এই সিরিজের সপ্তম লেখা হিসেবে আপলোড করা হয়। লাইফ মেম্বার রোহিত রায়ের 'ছদ্ম নারীবাদ এবং বর্তমান সময়ে শোষিত পুরুষ' শীর্ষক লেখাটি সিরিজের অষ্টম লেখা হিসেবে ১৬ই জুন ২০২৩ আপলোড হয়েছে এবং লাইফ মেম্বার রিয়া হালদারের লেখা 'ছন্দ-ভঙ্গে জীবন আনন্দ' শীর্ষক লেখাটি সিরিজের নবম লেখা হিসেবে আপলোড করা হয়েছে। এই সিরিজের দশম লেখা হিসেবে আপলোড করা হয়েছে লাইফমেম্বার সাবনূর সনম কামিনীর 'ভারতের সমাজ, সংস্কৃতি, সাহিত্য এবং আইনি প্রেক্ষাপটে নারী সমকামিতার স্থানঃ একটি সামগ্রিক আলোচনা'। এই সবকটি লেখাতেই গতানুগতিকতার বিরুদ্ধে একেকটি প্রাসঙ্গিক প্রশ্ন তুলে ধরার প্রচেষ্টা রয়েছে।এছাড়াও সমাজবিজ্ঞানের চর্চার ক্ষেত্রে বিভিন্ন দার্শনিক, সমাজবিজ্ঞানী ও সমাজ-চিন্তকদের এই বিশাল নক্ষত্রপুঞ্জের মধ্যে থেকে অনেকের জন্মদিনে নিয়মিতভাবে ফেসবুক পেজে শ্রদ্ধা জানানো ও তাঁদের অবদান স্মরণ করা অ্যাক্টিভিজমের রীতি বিশেষ।





একই রকম ভাবে ইউটিউব চ্যানেলেও আপলোড করা হয়েছে একাধিক গতানুগতিকতা ও ভ্রান্ত ধারণার বিরুদ্ধে প্রশ্ন উদ্রেককারী বেশ কিছু ভিডিও। ইউটিউব টিমের ঐকান্তিক প্রচেষ্টায় চলতি বছরের ২৯ শে জানুয়ারী 'বৃদ্ধ মানেই কি অচল?' ১২ ই মার্চ 'জীর্ণ সংস্কার বনাম যুক্তিবোধ', ৫ ই আগস্ট 'When Viral becomes Virus', ৩১ শে আগস্ট 'কারোর মতো কেন? হও নিজের মতো', ১৬ই সেপ্টেম্বর 'সন্তানের দায়িত্ব মানেই কি নিজের সমস্ত শখ ও ইচ্ছের বলিদান?' শীর্ষক ভিডিও। উক্ত ভিডিওগুলিতে যেমন চিরাচরিত ত্রুটিপূর্ণ যুক্তির উৎসের প্রতি ইঙ্গিত যেমন রয়েছে তেমনি চেষ্টা করা হয়েছে মানবিক মূল্যবোধেরও উৎস নির্দেশ করতে। আগামীদিনে অ্যাক্টিভিজমের এই আন্দোলনকে আরও সংগঠিত, সক্রিয় ও গতিশীল করে গড়ে তুলতে এবং আম -জনতার সাধারণ কাণ্ডজ্ঞান প্রসূত প্রচলিত ধারণা, কু-যুক্তি, কুসংস্কারের বিরুদ্ধে যুক্তিপূর্ণ প্রশ্নকরণের মানসিকতা ও উন্নত ভাবনা গড়ে তুলতে তিনটি সামাজিক মাধ্যম যথা- Facebook Page, Youtube ও Twitter Handle-এর মাধ্যমে অ্যাক্টিভিজমের Outreach Program-কে আরও উন্নততর করা হবে। এছাড়াও আরও বিভিন্ন ধরণের লেখা ফেসবুক পেজে আপলোড করা হয়েছে। তার মধ্যে বিশেষ



**অ্যাক্টিভিজম ফাউন্ডেশন এর পক্ষে অছি পরিষদ কর্তৃক প্রকাশিত ও মুদ্রিত। ২৪শে সেপ্টেম্বর, ২০২৩**

উল্লেখযোগ্য ৯ই জানুয়ারী ২০২৩ অ্যাক্টিভিজম সোশ্যাল সায়েন্স ক্লাবের এক্সিকিউটিভ ঈশানী বালা-র ‘দ্রব্যমূল্য বৃদ্ধি জনিত কারণে সাধারণ মানুষের দুরবস্থা’ শীর্ষক লেখা, ২৩ শে জানুয়ারী লাইফ মেম্বার সাধনা ঘোষের ‘নারীজাতির অস্তিত্ব প্রতিষ্ঠায় সামাজিক প্রতিবন্ধকতা এবং তা থেকে মুক্তির উপায়’। এছাড়াও রয়েছে ৩ রা মে অ্যাক্টিভিজম সোশ্যাল সায়েন্স ক্লাবের এক্সিকিউটিভ শুভব্রত সরকার, বিখ্যাত জার্মান সমাজবিজ্ঞানী Theodor Wiesengrund Adorno-র কাজ ও ভাবনাকে ভিত্তি করে সম্পূর্ণ ভিন্ন আঙ্গিকের একটি লেখা ‘Are we adult-infants?’ এছাড়াও দৈনন্দিনতার পরিসরে খুবই গুরুত্বপূর্ণ বিষয় ‘খাদ্য’ তা নিয়ে আপলোড করা হয়েছে লাইফ মেম্বার রিতৃষা দে’র একটি তথ্যপূর্ণ লেখা ‘খাদ্যের সংমিশ্রণ, নাকি সংমিশ্রণে খাদ্য?’


**Life –Members Meeting**

বিগত বছরে অ্যাক্টিভিজমের লাইফ মেম্বারদের এই বৃহৎ পরিবারের সঙ্গে যোগাযোগ বাড়ানোর উদ্দেশ্যে, অ্যাক্টিভিজমের সামগ্রিক উন্নতি কল্পে, গৃহীত কর্মসূচির সার্থক রূপায়ণ ঘটানো এই আন্দোলনের গতিময়তা বজায় রাখার উদ্দেশ্যে প্রতি মাসেই অ্যাক্টিভিজম ফাউন্ডেশনের জয়েন্ট সেক্রেটারি মাননীয়া সঞ্চিতা দে মহাশয়ার পরিচালনায় লাইফ মেম্বারস মিটিং আয়োজিত হয়েছে।প্রতি মাসেই লাইফ মেম্বারস মিটিং আয়োজিত হয়েছে। এছাড়াও গত ২৯ শে অক্টোবর ২০২২-এ অনুষ্ঠিত লাইফ মেম্বারদের একটি সভায় অ্যাক্টিভিজমের লাইফ মেম্বারদের সক্রিয় অংশগ্রহণের সুযোগ ও পারস্পরিক আদানপ্রদানের পরিসরটিকে আরও সম্প্রসারিত করার উদ্দেশ্যে প্রতি মাসেই ছোট ছোট প্রাসঙ্গিক, সমসাময়িক বিষয়ভিত্তিক অনলাইন আলোচনার ভাবনাটি গৃহীত হয় এবং তারপর থেকে নিয়মিত সেটি হয়ে চলেছে। বিগত বছরে এরকম প্রায় নয়টি আলোচনা হয়েছে। গত ২৬ শে নভেম্বর প্রথম অনলাইনে 'লিঙ্গভিত্তিক ভূমিকার উপর ধর্মের প্রভাব: প্রাত্যহিক জীবনের কিছু পর্যবেক্ষণ' শীর্ষক একটি আলোচনা আয়োজিত হয়, যেখানে বক্তা ছিলেন অ্যাক্টিভিজম স্কলারস ফোরামের মাননীয় সেক্রেটারি ও সিঙ্গুর গভর্মেন্ট জেনারেল ডিগ্রী কলেজের সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপিকা ডঃ সুমনা গোস্বামী মহাশয়া। দ্বিতীয় অনলাইন আলোচনাটি আয়োজিত হয় ২৩ শে ডিসেম্বর, ২০২২। যেখানে বিষয় ছিল ‘সমাজবিজ্ঞান চর্চার মনস্তাত্ত্বিক সংকট’, এখানে মূল বক্তা ছিলেন অ্যাক্টিভিজম স্কলারস ফোরামের এক্সিকিউটিভ ও কলকাতার নেতাজি-নগর ডে কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক শ্রী প্রভাস মণ্ডল ও আলোচক ছিলেন অ্যাক্টিভিজম স্কলারস ফোরামের এক্সিকিউটিভ ও রামনগর কলেজের রাষ্ট্রবিজ্ঞান অধ্যাপক শ্রী রাজেশ পাত্র। তৃতীয় আলোচনা সভাটি আয়োজিত হয় ২৮ শে জানুয়ারি ২০২৩। এখানে বক্তা ছিলেন সিঙ্গুর গভর্মেন্ট জেনারেল ডিগ্রী কলেজের সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপিকা ডঃ তিতাসা সিনহা এই আলোচনা সভার বিষয় ছিল ‘ধর্ম খাদ্য এবং ভালো থাকার সংস্কৃতি নীতিগত দৃষ্টান্ত গুলির পুনঃ বিশ্লেষণ’ । চতুর্থ আলোচনা সভা আয়োজিত হয় ২৫ শে ফেব্রুয়ারি ২০২৩ বক্তা ছিলেন অ্যাক্টিভিজমের লাইফ মেম্বার ও রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের ছাত্রী শাবনূর সনম কামিনী তার আলোচনার বিষয় ছিল “ভারতের সমাজ সংস্কৃতি সাহিত্য এবং আইনি প্রেক্ষাপটে নারী সমকামিতার স্থান একটি সামগ্রিক পর্যালোচনা।” পঞ্চম আলোচনা সভাটি আয়োজিত হয় ৮ই এপ্রিল ২০২৩ বক্তা ছিলেন অ্যাক্টিভিজম স্কলার্স ফোরামের



অ্যাক্টিভিজম ফাউন্ডেশন এর পক্ষে অছি পরিষদ কর্তৃক প্রকাশিত ও মুদ্রিত। ২৪শে সেপ্টেম্বর, ২০২৩

এক্সিকিউটিভ ও কালিম্পঙের Cluny Women's' college এর অধ্যাপক ডঃ অম্লান লাহিড়ী তার আলোচনার বিষয় ছিল "মহাভারত কথা"। ষষ্ঠ আলোচনা সভাটি আয়োজিত হয় ২৭ শে মে ২০২৩ বক্তা ছিলেন অ্যাক্টিভিজমের লাইফ মেম্বার ও রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের ছাত্র রোহিত রায়। এদিনের বিষয় ছিল "বর্তমান সময়ের ছদ্ম নারীবাদ ও শোষিত পুরুষ।" সপ্তম আলোচনা সভাটি আয়োজিত হয় ২৪ শে জুন ২০২৩। এদিন বক্তা ছিলেন স্কলার্স ফোরামের এক্সিকিউটিভ ও দ্বিজেন্দ্রলাল রায় কলেজ কৃষ্ণনগরের অধ্যাপক, ডঃ পরীক্ষিত ঠাকুর মহাশয়। তার আলোচনার বিষয় ছিল "পরিবেশের মৃত্যু ও গণতান্ত্রিক বিশ্বব্যবস্থায় নয়া উদারবাদী উন্নয়নের জন্ম।" অষ্টম আলোচনা সভাটি আয়োজিত হয় 2৯ শে জুলাই ২০২৩ এ দিন বক্তা ছিলেন বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের পিএইচডি স্কলার ও অ্যাক্টিভিজম স্কলার্স ফোরামের অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি সুচেতনা পাল বিষয় ছিল 'বর্তমান সময়ে হ্যানা অ্যারেন্টের প্রাসঙ্গিকতা'। নবম আলোচনা সভাটি আয়োজিত হয় ২৬ শে আগস্ট ২০২৩ এই দিনের বক্তা ছিলেন সোশ্যাল সায়েন্স ক্লাবের অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি ও রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের স্নাতকোত্তর ছাত্রী, কথক নৃত্যে স্নাতক এবং ন্যাশনাল স্কলারশিপ হোল্ডার আন্ডার মিনিস্ট্রি অফ কালচারাল গভমেন্ট অফ ইন্ডিয়া, শ্রমণা চট্টোপাধ্যায়। তার আলোচনার বিষয় ছিল 'নৃত্য কি শুধুই বিনোদন? নাকি সমাজ ও ব্যক্তিজীবনের প্রতিফলন?' এছাড়াও বিভিন্ন সময়ে লাইফ মেম্বারদের বিভিন্ন ধরণের সৃজনশীল প্রতিভার প্রকাশ, যেমন- গান, নাচ, আবৃত্তি, ছবি আঁকা আমাদের বিভিন্ন ভাবে সমৃদ্ধ করেছে এবং আমরা আশা রাখি এভাবেই তারা আমাদের সঙ্গে থাকবেন ও অ্যাক্টিভিজম-কে আরও এগিয়ে নিয়ে যাবেন।




**প্রতিবেদকঃ**

সোমা ভট্টাচার্য
চিফ এক্সিকিউটিভ অফিসার,
অ্যাক্টিভিজম ফাউন্ডেশন ফর সোশ্যাল রিসার্চ অ্যাণ্ড অ্যাকশান



অ্যাক্টিভিজম ফাউন্ডেশন এর পক্ষে অচ্ছি পরিষদ কর্তৃক প্রকাশিত ও মুদ্রিত। ২৪শে সেপ্টেম্বর, ২০২৩